

ওয়াশ ইউনাইটেড সম্পর্কে

ম্যালেরিয়া, হাম এবং এইচআইভি/এইডস একসাথে মিলে যত শিশু-মৃত্যু ঘটায়, স্যানিটেশনের অপ্রতুলতা এবং দুর্বল স্বাস্থ্যবিধির কারণে প্রতিরোধযোগ্য ডায়রিয়া তার চেয়ে অধিক শিশুর মৃত্যু ঘটায়। স্পোর্টস, সুপারস্টার, মিথস্ক্রিয়া খেলাধূলা, মজা এবং ইতিবাচক যোগাযোগের ক্ষমতা ব্যবহার করে ওয়াশ ইউনাইটেড স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধিকে (সাবান দিয়ে হাত ধোয়া, মাসিকের স্বাস্থ্যবিধির ব্যবস্থাপনা) ঘিরে দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটতে এবং ব্যাপক আকারে আচরণগত পরিবর্তনের পথ সুগম করার জন্য কাজ করে।

ওয়াশ ইউনাইটেড একটি সামাজিক প্রভাব বিস্তারকারী সংস্থা, যেটির সদর দপ্তর বার্লিন, জার্মানিতে অবস্থিত এবং সংস্থাটি দক্ষিণ এশিয়া, সাব-সাহারান আফ্রিকা এবং বৈশ্বিক পর্যায়ে কাজ করে। স্থানীয় সহযোগীদের মাধ্যমে সংস্থাটি বর্তমানে সক্রিয়ভাবে ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, লেসেথো, তানজানিয়া, উগান্ডা এবং ভারতে কাজ করে যাচ্ছে।



আমাদের কাজের তিনটি পথ:

- অভিনব ওয়াশ কাম্পেইন¹⁹
- স্কুল কর্মসূচিতে ওয়াশ
- মানবাধিকার সংক্রান্ত কাজ

আমরা যে সমস্যার উপর জোর দেই:

- উন্মুক্তভাবে মলত্যাগের সমাধি
- সাবান দিয়ে হাত ধোয়া
- মাসিক সংক্রান্ত স্বাস্থ্যবিধির ব্যবস্থাপনা

অদ্যাবধি আমাদের প্রভাব:

- কাম্পেইন এবং মিডিয়ার কাজের মাধ্যমে আমরা ৩০০ মিলিয়নের অধিক মানুষের কাছে পৌঁছেছি
- যুব ক্রীড়া দলে এবং স্কুলে আমরা ১০০,০০০ এর অধিক শিশুকে প্রশিক্ষণ দিয়েছি
- স্কুল এবং যুব ক্রীড়া দলে আমরা ৪০০-এর অধিক ওয়াশ প্রশিক্ষণ আয়োজন করেছি

আরো জানার জন্য: www.wash-united.org

¹⁹ „WASH“ এর অর্থ হচ্ছে **Water** (পানি), **Sanitation** (স্যানিটেশন) এবং **Hygiene** (স্বাস্থ্যবিধি)।